



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং ০৫(৪৭২) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১৫/১৮৯২

তারিখ : ১১/১২/২০১৬

২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার (পুরাতন সিলেবাস) ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাধানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো :

১। সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও ডাটা এন্ট্রি সফটওয়্যার সংগ্রহ :

সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়্যার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে (www.nubd.info/degree-pass) পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখ :

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ	ঃ ০১/০১/২০১৭ থেকে ১৯/০১/২০১৭
খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ	ঃ ১০/০১/২০১৭ থেকে ২১/০১/২০১৭
গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক)	ঃ ১০/০১/২০১৭ থেকে ২৫/০১/২০১৭
ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)	ঃ ২৬/০১/২০১৭ থেকে ৩০/০১/২০১৭
ঙ) Pay Slip, ফিস বিবরণী, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার শেষ তারিখ	ঃ ৩১/০১/২০১৭

৩। ২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) :

ক) ১ম বর্ষ (৪০০ নম্বর) - অনিয়মিত	ঃ ৪০০/-
খ) (i) ২য় বর্ষ (৪০০ নম্বর) - অনিয়মিত	ঃ ৪০০/-
(ii) ২য় বর্ষ - মানোন্নয়ন (১ম বর্ষসহ)	ঃ ৪০০/- + মানোন্নয়ন প্রতি পত্রে ১০০/- হারে
গ) (i) ৩য় বর্ষ- (৭০০ নম্বর) - নিয়মিত (পূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি)	ঃ ১৩০০/- (ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৫০/- হারে)
(ii) ৩য় বর্ষ- (২য় বর্ষসহ মানোন্নয়ন)	ঃ ১৩০০/- + মানোন্নয়ন প্রতি পত্রে ১০০/- হারে এবং ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৫০/- হারে
(iii) ৩য় বর্ষ- অকৃতকার্য (এক বা একাধিক পত্র)/বিভাগ উন্নয়ন	ঃ ৩০০/- + প্রতি পত্রে ১০০/- হারে
ঘ) কেন্দ্র ফি -	ঃ ৪৫০/-
ঙ) ব্যবহারিক কেন্দ্র ফি -	ঃ ১০০/- (প্রতি বিষয়ে) বিশ্ববিদ্যালয়ে জমা হবে না

৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা অনিয়মিত (৪০০ নম্বর) :

- ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালে ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (not promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে। উল্লেখ্য যে এসব শিক্ষার্থীগণকে পরবর্তী ২ বছরের মধ্যে ২য় বর্ষ ও ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে অবশ্যই কৃতকার্য হতে হবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে ইংরেজি আবশ্যিক/বিকল্প ইংরেজি সহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা ৩য় বর্ষে অনুষ্ঠিত হবে।

খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৪০০ নম্বর) :

- ২০১২-২০১৩ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৩, ২০১২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় বাংলা জাতীয় ভাষা/বিকল্পপত্রসমূহ সহ নৈর্বাচনিক বিষয়গুলোর ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০১২-২০১৩ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৩, ২০১২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় একটি বিষয়/পত্রে অনুপস্থিত থেকে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে, তাদেরকে ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত ১ম বর্ষের অনুপস্থিত বিষয়ে/পত্রের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৩ ও ২০১৪ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সব শিক্ষার্থীরা ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৪ সালের পরীক্ষায় কোন বিষয়/পত্রে ৪৫% এর কম নম্বর পেয়ে থাকলে তারা ইচ্ছে করলে ঐসব বিষয়ে/পত্রে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ইংরেজি আবশ্যিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকলে ২০১৫ সালের ২য় বর্ষের পরীক্ষার সাথে উক্ত ইংরেজি আবশ্যিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

